দৈনিক সংবাদ

৩

তারিখ 12 JUL 2006
পৃষ্ঠা ২ কলাম ৬

# জাতীয় ঐকমত্যের শিক্ষানীতির জন্য ১৪ দফা সুপারিশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন জাতীয় ঐকমত্যের ভিত্তিতে শিক্ষানীতি প্রণয়নের আহ্বান জানিয়ে সরকারের কাছে তাদের ১৪ দফা সুপারিশ বাস্তবায়নের দাবি জানিয়েছে।

গতকাল বৃহস্পতিবার প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়। এতে লিখিত বক্তব্য পড়ে শোনান সংগঠনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। উপস্থিত ছিলেন ফেডারেশনের সভাপতি শেখ আমানুল্লাহসহ অন্যদের মধ্যে আলী আকবর খান ডলার, রওশন আরা মান্নান, অধ্যক্ষ আসাদুল হক, অধ্যক্ষ জহিরুল ইসলামপ্রমুখ।

তাদের ১৪ দফা সুপারিশের মধ্যে রয়েছে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মূল বেতনের ১শ' ভাগ প্রদান, সহযোগী অধ্যাপকদের পদোন্নতি, শিক্ষকদের চাকরির বয়স ৮ বছর হলে টাইম স্কেল প্রদান প্রভৃতি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতীয় ঐকমত্যের ভিত্তিতে সরকার পরিচালনার আহ্বানকে অভিনন্দন জানিয়ে ফেডারেশনের লিখিত বক্তব্যে বলা হয়, অতীতে সকল গণতান্ত্রিক আন্দোলনে শিক্ষকরা সক্রিয় ভূমিকা পালন করেছেন। এমনকি ১৫ই ফেব্রুয়ারির বিতর্কিত নির্বাচনকালীন সময়েও ফেডারেশন তাদের অবস্থান সুস্পষ্টভাবে ব্যাখ্যা করেছে। এসমস্ত প্রেক্ষাপটে শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবি-দাওয়া সক্রিয়ভাবে বিবেচনার জন্য সমিতি নেতৃবৃন্দ সরকারের প্রতি আহ্বান জানান।